সংবাদ

তারিখ NOV 06 2006
পৃষ্ঠা ১২ কলাম ৪

# ১০ ভাগ বেতনের বিনিময়ে স্কুলের অর্থ জমা দেবেন না বেসরকারি শিক্ষকরা

নিজস্ব বার্তা পরিবেশক

বেসরকারি শিক্ষক নেতারা গতকাল ঘোষণা করেছেন, তারা বর্ধিত ১০ ভাগ বেতনের বিনিময়ে ছাত্রছাত্রীদের কাছ থেকে আদায় করা অর্থ সরকারি কোষাগারে জমা দেবেন না। তারা বিদায়ী সরকারের সিদ্ধান্ত অনুযা[য়ী] জারিকৃত প্রজ্ঞাপন প্রত্যাখ্যান করে সরকা[রে]র এ প্রতারণার তীব্র নিন্দা করেন। তত্ত্বাবধায়ক সরকারের কাছে ১০ ভাগ বেতন নিঃশর্তভাবে আগামী মাস [থেকে] দেয়ার দাবি করেছেন।

গতকাল দুপুরে ঢাকা রিপোর্টার্স [ইউনিটি] মিলনায়তনে শিক্ষক-কর্মচারী

বেতন : পৃ: ১১ ক:

## বেতন : শিক্ষকরা

(১২ পৃষ্ঠার পর)

আয়োজিত এক সংবাদ সম্মেলনে একথা বলেন। সংবাদ সম্মেলনে লি[খিত] বক্তব্য পাঠ করেন পরিষদের সমন্বয়ক অধ্যক্ষ এমএ আউয়াল সিদ্দিকী। এসময় উপস্থিত ছিলেন প্রফেসর ড. ম আখতারুজ্জামান, প্রদীপ চক্রবর্তী, অধ্যক্ষ মো. শাহজাহান আলম সাজু, চৌধুরী খুরশিদ আলম, মো. সেলিম, কেএম হাসান প্রমুখ।

সংবাদ সম্মেলনে বলা হয়, জোট সরকার ক্ষমতা ছাড়ার শেষ দিনে শিক্ষামন্ত্রী ওসমান ফারুক ও শিক্ষা প্রতিমন্ত্রী এহছানুল হক মিলন দুটি বিশ্ববিদ্যালয় অনুমোদন, ৭ হাজার শিক্ষা প্রতিষ্ঠান বাদ দিয়ে অনুমোদনহীন ৮টি নতুন শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তকরণ সংক্রান্ত অনিয়ম করে গেছে। একইভাবে দুটি বিশ্ববিদ্যালয়ের